

# ষট্ট না প্র বাহ

## সা ত দি ন

৩১ মার্চ : প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া প্যালেস্টাইন কর্তৃপক্ষের সদর দফতরে ইসরাইলের নজরবিহীন হামলা এবং প্রেসিডেন্ট ইয়াসির আরাফাতকে তার সদর দফতরের বাসকক্ষে অবরুদ্ধ করে রাখায় তীব্র নিন্দা জানিয়েছেন।

আগামী ২৫ এপ্রিল অনুষ্ঠিতব্য দেশের তিনি সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়ার এবং ওয়ার্ড কমিশনার পদপ্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ দেয়া হয়েছে।

দক্ষিণ এশীয় সহযোগিতা সংক্রান্ত দু'দিনব্যাপী সেমিনারে বিশেষজ্ঞগণ আঞ্চলিক বাণিজ্য সম্ম্বাসারণে চোরাচালন ও ছন্দিকে সবচে বড় বাধা হিসেবে চিহ্নিত করেছেন।

রাজধানীর বারিধারায় 'জে' রুকের নতুন বাজার দর্জি বস্তিতে গ্যাস সিলিন্ডার দুর্ঘটনায় ৩ জনের মর্মান্তিক মৃত্যু এবং প্রায় ৩০ জন আহত হয়েছে।

১ এপ্রিল : বাংলাদেশকে সন্তানী, মৌলবাদীদের আশ্রয় প্রদানকারী রাষ্ট্র হিসেবে প্রমাণ করার জন্য বিভিন্ন মহল সক্রিয়ভাবে অপচেষ্টা চালাচ্ছে বলে একটি গোয়েন্দা সংস্থা স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে রিপোর্ট প্রদান করেছে।

রাজধানীতে স্কুল ছাত্র শিহাব (১৩)কে অপহরণ ও হত্যার সঙ্গে জড়িত চত্রের ৩জন সহ আরো ৬ জনকে ছেওঁতার করে পুলিশ শিহাবের খতিদেহ উদ্ধার করেছে।

কৃষিপণ্য ছাড়া বাংলাদেশের সব ধরনের পণ্য কানাডার বাজারে শুল্কমুক্ত প্রবেশাধিকার পাবে বলে কানাডার আন্তর্জাতিক বাণিজ্য কমিটির চেয়ারম্যান আশ্বাস দিয়েছেন।

২ এপ্রিল : বিগত সরকারের সময়ে প্রণীত বহু আলোচিত বিতর্কিত জননিরাপত্তা আইন (বিশেষ বিধান) বাতিল করা হয়েছে।

কানাডার এশিয়া-প্যাসিফিক বিষয়ক পরামর্শন্ত্রী ডেভিড কিলগোর এক সাংবাদিক সঙ্ঘে জালানি ও বিদ্যুৎখাতে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছেন।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রসভার নিয়মিত বৈঠকে, দেশের দ্বিতীয় আন্তর্জাতিক বিমান বন্দর এম এ হান্নান পরিবর্তন করে 'শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর' রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

মন্ত্রিসভার নিয়মিত 'আইন শৃঙ্খলা বিন্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন ২০০২' নামে একটি নতুন আইন প্রণয়নের প্রস্তাৱ চূড়ান্ত অনুমোদন লাভ করেছে।

বাংলাদেশ কিডনি সমিতির নবম কনভেনশন ও আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রেসিডেন্ট অধ্যাপক এ কিউএম বদরুল্লোজা চৌধুরী কিডনি ডেনার কার্ডে স্বাক্ষরের মধ্য দিয়ে



সংসদে খালেদা জিয়া

দেশবাসীকে কিডনি দানে উদ্বৃদ্ধ করেছেন।

৩ এপ্রিল : প্রধানমন্ত্রী বেগম


খালেদা জিয়া সংসদে আবারো হাঁশিয়ার করে দিয়ে বলেছেন, যারা দেশে বিদেশে নির্বাচিত সরকারের বিরুদ্ধে অপপ্রচার করছে প্রচালিত আইন অনুযায়ী তাদের শাস্তি পেতে হবে।

দীর্ঘ সাড়ে ৩ বছর পর পল্টন ময়দানে ছাত্রলীগের ২৭তম জাতীয় সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের দ্বিতীয় অধিবেশনে ছাত্রলীগ নেতা লিয়াকত আলী শিকদার ও নজরুল ইসলাম বাবু সংগঠনের কেন্দ্রীয় কমিটির যথাত্মে নতুন সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

৪ এপ্রিল : বাণিজ্যিক ও অর্থনৈতিক সহযোগিতার জন্য বাংলাদেশ-জাপান যৌথ কমিটির ১২তম বৈঠকে জাপানের পক্ষ থেকে হরতাল নিষিদ্ধ করা এবং বিদ্যুৎ টেলিযোগাযোগ ও বন্দর সুবিধাজনক অবকাঠামো উন্নয়নের আহ্বান জানানো হয়েছে।

অর্থ ও পরিকল্পনা মন্ত্রী এম সাইফুর রহমান মন্ত্রণালয়ের এক বৈঠকে চলতি অর্থ বচরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আকার সাড়ে ১৫ হাজার কোটি টাকায় কমিয়ে আনা হতে পারে বলে জানিয়েছেন।

নির্বাচন কমিশন আগামী ২৫ এপ্রিল অনুষ্ঠিতব্য তিনি সিটি কর্পোরেশন নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ২২ এপ্রিল



শিহাব হত্যাকারীদের ফাস্টির দাবিতে রাজপথে সহপাঠীরা থেকে নির্বাচনী এলাকাগুলোতে সেনা মোতায়েনের সিদ্ধান্ত নিয়েছে।

এয়ার কমোডর ফখরুল আজমকে বাংলাদেশ বিমান বাহিনীর প্রধান হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে।

৫ এপ্রিল : বঙ্গবন্ধু এভিনিউতে আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যালয়ের সামনে পুলিশের সঙ্গে আওয়ামী লীগ নেতা কর্মীদের ব্যাপক সংঘর্ষে ১৫ জনকে হেঞ্চার এবং প্রায় ২০ জন আহত হয়েছে।

ফার ইস্টার্ন ইকোনমিক রিভিউয়ে 'বাংলাদেশে মৌলবাদের উত্থান ও ধর্মীয় অসহিষ্ণুতা বিস্তার লাভ', শীর্ষক বিতর্কিত নিবন্ধ থেকাশের প্রতিবাদে হংকং-এর প্রবাসী বাংলাদেশীরা রিভিউ-এর সদর দফতরের সামনে শাস্তিপূর্ণ প্রতিবাদ মিছিলের আয়োজন করে এবং পরে একটি প্রতিবাদপত্র রিভিউ-এর ডেপুটি এডিটর ডেভিড প্লেটের কাছে হস্তান্তর করে। প্রতিবাদপত্রটি প্রতিবাদপত্র রিভিউ-এর ডেপুটি এডিটর প্লেটের কাছে হস্তান্তর করে।

চট্টগ্রামের সীতাকুন্ডে মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় ৭জন বাসযাত্রী নিহত এবং অপর ৩০জন আহত হয়েছে।

৬ এপ্রিল : আওয়ামী লীগের আহ্বানে সারা দেশে সকাল-সন্ধ্যা হরতাল পালিত।

হরতাল চলাকালে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ও বিশ্বজ্ঞান সূষ্ঠির কারণে কয়েকজন নেতাকর্মীকে হেঞ্চার করা হয়েছে।



ছাত্রলীগের সম্মেলনে শেখ হাসিনা